

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।

স্মারক নং- ৫৯.১৪.১১০০.১৩১.১৮.০০১.২৫. ২২৬৬

তারিখঃ ০৪/০৫/২৫

বিজ্ঞপ্তি

স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা ও ডেন্টাল ইউনিট এর স্মারক নং- ৫৯.১৪.১১০০.১৩১.১৮.০০১.২৫. ৫৯৬ তারিখঃ ০৬-০৩-২০২৫ইং এর প্রেক্ষিতে স্মারক নং- ৫৯.১৪.১১০০.১৩১.১৮.০০১.২৫. ৬৮৪ তারিখঃ ১৩-০৩-২০২৫ইং মোতাবেক প্রধান সহকারী, হিসাব রক্ষক, উচ্চমান সহকারী, ষ্টোর কিপার, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, মুয়াজ্জিন ও দণ্ডরী এর শূন্য পদে পদোন্নতির জন্য ফিডারপদধারী কর্মচারীদের খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রকাশ করা হয়। প্রকাশিত খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রকাশের পর শুধুমাত্র আবেদনকারীদের আপত্তি, অভিযোগ, পরামর্শ যাচাই-বাছাই পূর্বক স্মারক নং- ৫৯.১৪.১১০০.১৩১.১৮.০০১.২৫. ১০৯০ তারিখঃ ২০-০৪-২০২৫ইং মোতাবেক স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও ডেন্টাল ইউনিট এর নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা ২০১১ মোতাবেক জ্যেষ্ঠতা তালিকা বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হয়।

পরবর্তীতে অত্র প্রতিষ্ঠানের ডেন্টাল ইউনিট এর হিসাব রক্ষক পদে পদোন্নতির জন্য আবেদনকারী প্রার্থী জনাব মোঃ আবুল কাশেম, হিসাব রক্ষক (চঃ দাঃ) ও অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে পদোন্নতির জন্য আবেদনকারী প্রার্থী জনাব মোঃ আবু জায়েদ, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর (নিজ বেতনে) কর্মরত আছেন। তাহারা দুইজন হিসাব রক্ষক ও অফিস সহকারী কাম-কম্পিউটার পদে জ্যেষ্ঠতা তালিকার উপর পুনঃবিবেচনার জন্য অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা এর বরাবর আবেদন করেন। এর প্রেক্ষিতে সভাপতি, জ্যেষ্ঠতা তালিকা প্রনয়ন কমিটির নিকট তাহাদের আবেদন বিবেচনার জন্য প্রেরণ করেন।

পরবর্তীতে জ্যেষ্ঠতা তালিকা প্রনয়ন কমিটি তাহাদের আবেদন নিয়োগ/পদোন্নতি কমিটি বিবেচনা করিবেন বলিয়া অধ্যক্ষ মহোদয়ের নিকট বিজ্ঞপ্তি আকারে দাখিল করেন। যাহার কপি অধ্যক্ষ মহোদয়ের নিকট প্রদান করেন।

এমতবস্থায় উক্ত জ্যেষ্ঠতা তালিকাই চূড়ান্ত জ্যেষ্ঠতা তালিকা হিসাবে বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হইল।

০৪/০৫/২৫

(অধ্যাপক ডাঃ মোঃ মাজহারুল শাহীন)

অধ্যক্ষ

স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।

ই-মেইলঃ ssmc@ac.dghs.gov.bd

স্মারক নং- ৫৯.১৪.১১০০.১৩১.১২.০০১.২৫. ২২৬৬

তারিখঃ ০৪/০৫/২৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ উপসচিব (কল্যাণ)।
- ২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ উপ সচিব (চিশি-১)।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (প্রশাসন)
- ৫। উপাধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।
- ৬। সচিব, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।
- ৭। অধ্যক্ষের ব্যক্তিগত সহকারী, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।
- ৮। প্রধান সহকারী, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।
- ৯। online নোটিশ বোর্ড/ssmc.college.gov.bd
- ১০। নোটিশ বোর্ড, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।
- ১১। সংশ্লিষ্ট নথি, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।

০৪/০৫/২৫

(অধ্যাপক ডাঃ মোঃ মাজহারুল শাহীন)

অধ্যক্ষ

স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।

ই-মেইলঃ ssmc@ac.dghs.gov.bd